Seen
27.08.26

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি), দিনাজপুর
ফোনঃ ৮৮০-৫৩১-৬১৩৫৫, ফ্যাক্স ঃ ৮৮০-৬১৩১১ Web ঃ www.hstu.ac.bd

স্মারক নং-হাবিপ্রবি/একা/ ৫৩ ৬৭ তারিখঃ 26/8/2026

বরাবর
ডীন
পোস্ট গ্রাজুয়েট/ কৃষি/সি.এস.ই/ফিসারিজ/ভি.এ.এস/বি.এস /ইঞ্জিনিয়ারিং/ বিজ্ঞান/সোস্যাল সায়েন্স এন্ড হিউম্যানিটিস অনুষদ ।

বিষয় ঃ পাবলিক বিশ্ববিদ্যালয় সমূহের মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য ইউজিসি মেধাবৃত্তি -২০২৬ এর মনোনয়ন আহবান প্রসংগে।

সূত্রঃ-৩৭.০১.০০০০.০০০.০৭১.৩৪.০০০২.২০.৩৫৭ তারিখঃ- ২০ জুলাই ২০২৬ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক মেধাবৃত্তি-২০২৬ প্রদানের উদ্দেশ্যে আপনার অনুষদ হতে সাধারন মেধাবৃত্তির আওতায় সর্বোচ্চ সিজিপিএ/নম্বরপ্রাপ্ত ০১ জন শিক্ষার্থীর নাম এবং প্রতিবন্ধী মেধাবৃত্তির আওতায় ০১ জন শিক্ষার্থীর নাম(যদি থাকে) প্রেরণ করার জন্য আবেদন আহবান করেছেন। ইউজিসি মেধাবৃত্তি সংক্রান্ত নিয়মাবলী/ নীতিমালা অনুসারে সর্বোচ্চ সিজিপিএ/নম্বরপ্রাপ্ত ০১(এক) জন শিক্ষার্থীর নাম এবং প্রতিবন্ধী মেধাবৃত্তির আওতায় ০১ জন শিক্ষার্থীর নাম(যদি থাকে) ইউজিসি কর্তৃক প্রদত্ত ছক অনুযায়ী পূরণকৃত তথ্য এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র আগামী ১৫-০৯-২০২৬ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।

23.08.26
(প্রফেসর ড. মোঃ আবু হাসান)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
হাবিপ্রবি,দিনাজপুর ।

সংযুক্তিঃ
১। ইউজিসি মেধাবৃত্তি-২০২৬ এর মনোনয়ন পত্র ।
২। ইউজিসি মেধাবৃত্তি সংক্রান্ত নীতিমালা ।
৩। ইউজিসি মেধাবৃত্তির জন্য ইউজিসি কর্তৃক প্রদত্ত মনোনয়ন ফরম।

স্মারক নংঃ হাবিপ্রবি/একা/ তারিখঃ
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ।
১। পি,এস,টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে) হাবিপ্রবি, দিনাজপুর।
২। অফিস নথি ।

(মোঃ রফিকুল ইসলাম চৌধুরী)
ডেপুটি রেজিস্ট্রার
হাবিপ্রবি,দিনাজপুর

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড বিভাগ
স্কলারশিপ এন্ড ফেলোশিপ শাখা

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০০০.০৭১.৩৪.০০০২.২০.৩৫৭

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২০ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **ইউজিসি মেধাবৃত্তি ২০২৬-এর জন্য মনোনয়ন আহবান।**

জনাব,

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক দেশের মেধাবী শিক্ষার্থীদের মেধাবিকাশে উৎসাহিত ও অনুপ্রাণিত করার লক্ষ্যে ইউজিসি মেধাবৃত্তি নীতিমালা ২০২৬-এর আওতায় দুটি পৃথক শ্রেণিতে (ক. সাধারণ মেধাবৃত্তি ও খ. প্রতিবন্ধী মেধাবৃত্তি) প্রদানের বিধান রয়েছে।

তদপ্রেক্ষিতে আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মেধাবৃত্তি প্রদানের উদ্দেশ্যে যেসকল মেধাবী শিক্ষার্থী সর্বশেষ শিক্ষাবর্ষে স্নাতক পরীক্ষা সম্পন্ন করেছেন এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত আছেন সেসকল শিক্ষার্থীদের মধ্যে প্রত্যেক অনুষদ (৪ বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রি প্রদানকারী) হতে সর্বোচ্চ সিজিপিএ/নম্বরপ্রাপ্ত ১ (এক) জন করে এবং বিদ্যমান সকল ইনস্টিটিউট (৪ বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রি প্রদানকারী)-এর মধ্যে সর্বোচ্চ সিজিপিএ/নম্বরপ্রাপ্ত হইতে ১ (এক) জন শিক্ষার্থীর মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। একই সাথে ২ (দুই) জন প্রতিবন্ধী শিক্ষার্থীর নাম প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে, ইউজিসি মেধাবৃত্তি নীতিমালা ২০২৬ অনুসরণপূর্বক মনোনীত শিক্ষার্থীদের মনোনয়ন ফরম Nikosh ফন্টে পূরণপূর্বক সংশ্লিষ্ট প্রমাণক সংযুক্ত করে শিক্ষার্থীদের নামের সংক্ষিপ্ত তালিকা সংবলিত অগ্রায়নপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ৩০-০৯-২০২৬ খ্রি. তারিখের মধ্যে **পরিচালক, রিসার্চ গ্রান্টস অ্যান্ড অ্যাওয়ার্ড ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭** বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, এই পত্র জারির পর কমিশন থেকে ইউজিসি মেধাবৃত্তি ২০২৬-এর জন্য আর কোনো মনোনয়ন আহবান করা হবে না। অধিকন্তু, বিশ্ববিদ্যালয়সমূহকে বর্ণিত নির্দেশনা মোতাবেক অগ্রায়নপত্র সংবলিত মনোনয়ন ফরমের হার্ডকপি যথাসময়ে প্রেরণ করতে হবে এবং উল্লিখিত তারিখের পর কোনো মনোনয়ন গ্রহণ করা হবে না। ইউজিসি মেধাবৃত্তিসংক্রান্ত **আবেদন ফরম, তথ্যছক** ও **নীতিমালা** কমিশনের ওয়েবসাইট (www.ugc.gov.bd)-এর **স্কলারশিপ/ফেলোশিপ সেবাবক্স** থেকে ডাউনলোড করা যাবে। এছাড়া সংযুক্ত তথ্যছকে মেধাবৃত্তি সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা এবং বিশ্ববিদ্যালয়ের মেধাবৃত্তিসংক্রান্ত ব্যাংক হিসাব বিবরণী প্রেরণের অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

সংযুক্তিসমূহঃ
(১) আবেদন ফরম
(২) তথ্য ছক
(৩) ইউজিসি মেধাবৃত্তি নীতিমালা ২০২৬

২০-০৭-২০২৬
মোঃ ওমর ফারুখ
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ০২৫৮১৬০২০৮
ইমেইল : director_research@ugc.g
d

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২। রেজিস্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যালয়।
৩। রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়।
৪। রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।
৫। রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৬। রেজিস্ট্রার, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।
৭। রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়।
৮। রেজিস্ট্রার, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
৯। রেজিস্ট্রার, খুলনা বিশ্ববিদ্যালয়।
১০। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়।
১১। রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
১২। রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়।
১৩। রেজিস্ট্রার, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়।
১৪। রেজিস্ট্রার, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৫। রেজিস্ট্রার, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়।
১৬। রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
১৭। রেজিস্ট্রার, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
১৮। রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
১৯। রেজিস্ট্রার, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
২০। রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
২১। রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
২২। রেজিস্ট্রার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়।
২৩। রেজিস্ট্রার, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
২৪। রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
২৫। রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়।
২৬। রেজিস্ট্রার, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়।
২৭। রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়।
২৮। রেজিস্ট্রার, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
২৯। রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)।
৩০। রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়।
৩১। রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
৩২। রেজিস্ট্রার, গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
৩৩। রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৩৪। রেজিস্ট্রার, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়।
৩৫। রেজিস্ট্রার, রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

৩৬। রেজিস্ট্রার, বাংলাদেশ মেরিটাইম বিশ্ববিদ্যালয়।
৩৭। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৩৮। রেজিস্ট্রার, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়।
৩৯। রেজিস্ট্রার, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়।
৪০। রেজিস্ট্রার, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়।
৪১। রেজিস্ট্রার, ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি।
৪২। রেজিস্ট্রার, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
৪৩। রেজিস্ট্রার, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়।
৪৪। রেজিস্ট্রার, জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
৪৫। রেজিস্ট্রার, সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়।
৪৬। রেজিস্ট্রার, অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় বাংলাদেশ।
৪৭। রেজিস্ট্রার, চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
৪৮। রেজিস্ট্রার, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়।
৪৯। রেজিস্ট্রার, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
৫০। রেজিস্ট্রার, খুলনা মেডিকেল বিশ্ববিদ্যালয়।
৫১। রেজিস্ট্রার, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়।
৫২। রেজিস্ট্রার, সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
৫৩। রেজিস্ট্রার, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০০০.০৭১.৩৪.০০০২.২০.৩৫৭/১ (৭)

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২০ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি'র ওয়েবসাইটে স্কলারশিপ/ফেলোশিপ সেবাবক্সের 'ইউজিসি মেধাবৃত্তি' লিংকে আপলোড করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।
২। অতিরিক্ত পরিচালক, রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড অনুবিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৩। একান্ত সচিব (উপসচিব), চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৪। উপপরিচালক, স্কলারশিপ এন্ড ফেলোশিপ শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৫। ব্যক্তিগত কর্মকর্তা, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৬। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৭। ব্যক্তিগত কর্মকর্তা, রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

২০-০৭-২০২৬
আকতার পেরিস
সিনিয়র সহকারী পরিচালক

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website : www.ugc.gov.bd

সত্যায়িত ছবি

# ইউজিসি মেধাবৃত্তির জন্য মনোনয়ন ফরম

১। প্রার্থীর নাম :

২। পিতার নাম :

৩। মাতার নাম :

৪। জন্ম তারিখ :

৫। বর্তমান ঠিকানা :

৬। স্থায়ী ঠিকানা :

৭। জাতীয় পরিচয়পত্র নম্বর :

৮। মোবাইল নম্বর :

৯। ই-মেইল ঠিকানা :

১০। বিশ্ববিদ্যালয়ের নাম :

১১। অনুষদ/ইনস্টিটিউটের নাম :

১২। বিভাগের নাম :

১৩। রেজিস্ট্রেশন নম্বর :

১৪। রোল নম্বর :

১৫। যে বর্ষে অধ্যয়নরত ও সেশন :

১৬। শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিভাগ/বিষয় | বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম | পাশের সন ও ফল প্রকাশের তারিখ | পাশের বিভাগ/শ্রেণী (মেধাবৃত্তিক কোন স্থান থাকলে তার উল্লেখসহ) | সর্বমোট পরীক্ষার নম্বর/সিজিপিএ | মোট প্রাপ্ত নম্বর ও শতকরা হার |
|---|---|---|---|---|---|---|
| এসএসসি | | | | | | |
| এইচএসসি | | | | | | |
| স্নাতক | | | | | | |
| স্নাতকোত্তর | | | | | | |

১৭। যদি শিক্ষার্থী প্রকৌশল, কৃষি বা চিকিৎসা ক্ষেত্রে অধ্যয়নরত হয় তবে সে ক্ষেত্রে শেষ বর্ষের পূর্বের বর্ষের পরীক্ষা বিশ্ববিদ্যালয়ের অন্যতম পরীক্ষা বলে বিবেচিত হবে কিনা? :

১৮। বর্তমানে কোনো বৃত্তি উপভোগ করলে তার বিবরণ :

| বৃত্তির নাম | বৃত্তির হারের পরিমাণ (টাকায়) | বৃত্তি প্রদানকারী প্রতিষ্ঠান/ সংস্থার নাম | বৃত্তির মেয়াদ, কোন তারিখ থেকে শুরু এবং কোন তারিখ শেষ |
|---|---|---|---|
| | | | |

১৯। ইউজিসি মেধাবৃত্তি পেলে ১৮ নম্বর কলামে উল্লেখিত বৃত্তি ত্যাগ করতে প্রস্তুত কিনা? :

২০। আমি অঙ্গীকার করছি যে,

(ক) উপরোক্ত তথ্যসমূহ সত্য;
(খ) গর্হিত কোনো আচরণের জন্য বিশ্ববিদ্যালয় আমার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেনি;
(গ) ইউজিসি বৃত্তি গ্রহণের পর গর্হিত কোনো আচরণের জন্য বিশ্ববিদ্যালয় আমার বিরুদ্ধে কোনো শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করলে এ বৃত্তি উপভোগ করতে পারব না; এবং
(ঘ) এ বৃত্তির ব্যাপারে বর্তমানে প্রণীত ও ভবিষ্যতে প্রণীতব্য সকল নিয়ম-কানুন মেনে চলব।

তারিখঃ ......./......./.............

শিক্ষার্থীর স্বাক্ষরঃ ____________________

২১। বিভাগীয় প্রধানের মন্তব্য :

তারিখঃ ......./......./.............

____________________
বিভাগীয় প্রধানের স্বাক্ষর ও সীল

উপরোল্লিখিত শিক্ষার্থী জনাব ........................................................-এর বিরুদ্ধে গর্হিত কোনো আচরণের জন্য বিশ্ববিদ্যালয় কোনো শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেনি। ইউজিসি মেধাবৃত্তির জন্য তাকে এই বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনয়ন প্রদান করা হলো। তাঁর এসএসসি/এইচএসসি/স্নাতক (অর্নাস) পর্যায়ে কোনো 'ব্রেক অব স্টাডি' নেই/আছে (থাকলে তার কারণ আলাদা কাগজে উল্লেখ করতঃ তাতে বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রারের স্বাক্ষরপূর্বক সংযুক্ত করতে হবে)।

তারিখঃ ......./......./.............

____________________
রেজিস্ট্রারের স্বাক্ষর ও সীল

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website www.ugc.gov.bd

# তথ্য ছক (ইউজিসি মেধাবৃত্তি)

| | | | |
|---|---|---|---|
| ১। | সংশ্লিষ্ট ডিলিং অফিসারের নাম | : | |
| ২। | মোবাইল নম্বর | : | |
| ৩। | ই-মেইল ঠিকানা | : | |
| ৪। | বিশ্ববিদ্যালয়ের মেধাবৃত্তি সংক্রান্ত ব্যাংক হিসাব বিবরণী | : | হিসাবের নাম :<br>হিসাব নম্বর :<br>ব্যাংক নাম :<br>শাখার নাম :<br>রাউটিং নম্বর : |

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

**University Grants Commission of Bangladesh**

আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

website: www.ugc.gov.bd

---

## ইউজিসি মেধাবৃত্তি নীতিমালা ২০২৬

**(০৫-০৩-২০২৬ তারিখে অনুষ্ঠিত কমিশনের ১৭৬তম সভায় অনুমোদিত)**

**১. শিরোনাম** : ইউজিসি মেধাবৃত্তি নীতিমালা ২০২৬।

**২. ভূমিকা** : দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে অধ্যয়নরত অনুষদভিত্তিক সর্বোচ্চ সিজিপিএ/নম্বর অথবা সমমানের ফলাফল অর্জনপূর্বক উত্তীর্ণ হইয়াছে এমন মেধাবী শিক্ষার্থীদের মেধাবিকাশে উৎসাহিত ও অনুপ্রাণিত করিবার লক্ষ্যে ১৯৮২ সাল হইতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন 'ইউজিসি মেধাবৃত্তি' প্রবর্তন করা হইয়াছে। সেইসাথে প্রতিবন্ধী অথচ মেধাবী শিক্ষার্থীদের উচ্চশিক্ষার সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে 'প্রতিবন্ধী মেধাবৃত্তি' এই মেধাবৃত্তির আওতায় প্রদান করা হইবে।

**৩. সংজ্ঞা** : বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী না থাকিলে, এই নীতিমালায়-

(ক) 'কমিশন' অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973) দ্বারা গঠিত 'বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

(খ) 'কমিশন সভা' অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973) অনুযায়ী চেয়ারম্যান, পূর্ণকালীন সদস্য ও খন্ডকালীন সদস্য দ্বারা গঠিত কমিশনের সভা;

(গ) 'চেয়ারম্যান' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান;

(ঘ) 'সদস্যবৃন্দ' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পূর্ণকালীন সদস্যবৃন্দ;

(ঙ) 'কমিশন কর্তৃপক্ষ' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান এবং পূর্ণকালীন সদস্যবৃন্দ;

(চ) 'সচিব' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব;

(ছ) 'নীতিমালা' অর্থ ইউজিসি মেধাবৃত্তি নীতিমালা ২০২৬।

**৪. উদ্দেশ্য** : দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে অধ্যয়নরত মেধাবী শিক্ষার্থীদের মেধাবিকাশে উৎসাহিত ও অনুপ্রাণিত করিবার লক্ষ্যে ইউজিসি মেধাবৃত্তি প্রদান।

**৫. বিজ্ঞপ্তি প্রকাশ ও সময়কাল** : বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে পরবর্তী ১ (এক) মাস সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষ নীতিমালার আলোকে মনোনীত মেধাবী শিক্ষার্থীদের তালিকা প্রমাণকসহ (অনুষদভিত্তিক ফলাফলের তালিকা) কমিশনে প্রেরণ করিবেন।

**৬. মেধাবৃত্তির শ্রেণি** : 'ইউজিসি মেধাবৃত্তি' দুইটি পৃথক শ্রেণিতে প্রদান করা হইবে। যথাক্রমে-

(ক) সাধারণ মেধাবৃত্তি; এবং

(খ) প্রতিবন্ধী মেধাবৃত্তি।

**৭. সাধারণ মেধাবৃত্তির শর্তাবলি** :

(ক) দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক অনুষদ (৪ বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রি প্রদানকারী) হইতে ১ (এক) জন এবং বিদ্যমান সকল ইনস্টিটিউট (৪ বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রি প্রদানকারী)-এর মধ্যে হইতে ১ (এক) জন শিক্ষার্থীকে এক বৎসরের জন্য বৃত্তি প্রদান করা হইবে;

(খ) সাধারণ অনুষদের ক্ষেত্রে স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থী যাহারা মাস্টার্সে অধ্যয়নরত রহিয়াছেন, তাহাদেরকে এই বৃত্তি প্রদান করা হইবে। এইক্ষেত্রে শিক্ষার্থী যেই বিশ্ববিদ্যালয়ে মাস্টার্সে অধ্যয়নরত থাকবেন, তিনি ঐ বিশ্ববিদ্যালয় হইতে বৃত্তি প্রাপ্ত হইবেন;

(গ) বৃত্তি প্রদানের ক্ষেত্রে প্রত্যেক অনুষদের সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীদের বিবেচনা করা হইবে। এইক্ষেত্রে প্রথম স্থান অর্জনকারী যদি এই নীতিমালায় বর্ণিত শর্তের আলোকে যোগ্য বলিয়া বিবেচিত না হন, তবে দ্বিতীয় স্থান অর্জনকারী বিবেচিত হইবেন এবং অনুরূপভাবে দ্বিতীয় স্থান অর্জনকারী বিবেচিত না হইলে তৃতীয় স্থান অর্জনকারী বিবেচিত হইবেন;

(ঘ) সিজিপিএ অথবা নম্বর সমান হইলে এইচএসসি ও এসএসসি পরীক্ষার ফলাফল বিবেচনাপূর্বক সার্বিক বিচারে প্রার্থী নির্বাচন করিয়া বৃত্তি প্রদান করা হইবে;

(ঙ) বৃত্তি হিসাবে প্রতি মাসে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা হারে ১ (এক) বছরে ৫,০০০.০০ X ১২ মাস= ৬০,০০০.০০ (ষাট হাজার) টাকা প্রদান করা হইবে এবং বই-পুস্তক ক্রয় করার জন্য এককালীন ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা প্রদান করা হইবে।

৮. প্রতিবন্ধী মেধাবৃত্তির শর্তাবলি : (ক) প্রত্যেক পাবলিক বিশ্ববিদ্যালয় হইতে প্রতি বৎসর সর্বোচ্চ ২ (দুই) জন শিক্ষার্থী ৪ (চার) বৎসরের জন্য বৃত্তি প্রদান করা হইবে। তবে এইক্ষেত্রে দৃষ্টি প্রতিবন্ধী ১ (এক) জনকে বিশেষ প্রতিবন্ধী হিসাবে বিবেচনা করিতে হইবে;

(খ) স্নাতক পর্যায়ের তৃতীয়, পঞ্চম ও সপ্তম সেমিস্টারে অধ্যয়নরত এবং স্নাতক ডিগ্রি সম্পন্নকারীগণকে এই বৃত্তি প্রদান করা হইবে। এইক্ষেত্রে অব্যবহিত পূর্বের সেমিস্টারের পরীক্ষার ফলাফল বিবেচনা করা হইবে।

৯. বিবিধ শর্তাবলি : (ক) মেধাবৃত্তি প্রাপ্তির জন্য যোগ্য শিক্ষার্থী স্নাতক ডিগ্রি অর্জনপূর্বক স্নাতকোত্তর পর্যায়ে ভর্তি না হইলে অথবা অনিয়মিত হইলে মেধাবৃত্তি পাওয়ার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না;

(খ) যেই সকল শিক্ষার্থী সকল পর্যায়ের পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ/নম্বর অথবা সমমানের ফলাফল অর্জন করিয়া উত্তীর্ণ হইয়াছে কেবলমাত্র তাহারাই মেধাবৃত্তি পাওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন;

(গ) অনিয়মিত শিক্ষার্থীর মনোনয়ন মেধাবৃত্তির জন্য যোগ্য হিসেবে বিবেচনা করা হইবে না। তবে তাহা অনধিক এক বৎসর হইলে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার স্বাক্ষরিত যুক্তিসংগত কারণসহ মনোনয়ন পাওয়া গেলে কমিশন কর্তৃপক্ষ মেধাবৃত্তির জন্য বিবেচনা করিতে পারিবেন;

(ঘ) ইউজিসি মেধাবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী স্ব স্ব বিশ্ববিদ্যালয়ে বিনা বেতনে অধ্যয়নের সুযোগ পাইবেন।

১০. আদেশজারির কার্যকারিতা : কমিশন সভার অনুমোদনের তারিখ হইতে এই নীতিমালা কার্যকর হইবে।

১১. নীতিমালা সংশোধন ও অস্পষ্টতা দূরীকরণ : (ক) 'ইউজিসি মেধাবৃত্তি' নীতিমালার যেইকোনো পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন অথবা সংশোধন করিবার ক্ষমতা কমিশনের ওপর ন্যস্ত থাকিবে;

(খ) এতদ্ব্যতীত এই নীতিমালার কোনো অনুচ্ছেদ/বাক্য/শব্দের ব্যাখ্যা অথবা অর্থ নির্ধারণ কিংবা বিশেষ কোনো পরিস্থিতির উদ্ভব হইলে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে; এবং

(গ) 'ইউজিসি মেধাবৃত্তি' প্রদানের ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে;

১৭/০৩/২০২৫

ড. মোঃ ফখরুল ইসলাম
সচিব
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

প্রফেসর ড. এস এম এ ফায়েজ
চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন